Human Resources Administration
Department of Homeless Services
Department of Social Services

# FHEPS অথবা CITYFHEPS শপিং লেটার এবং ইউটিলিটির সম্বন্ধে আপনার যা জানা উচিত

**(Bengali)**

FHEPS নিউ ইয়র্ক সিটির পাঁচটি (5) বরোর মধ্যে একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে ব্যবহার করা যেতে পারে। CityFHEPS নিউ ইয়র্ক স্টেটের যেকোনো জায়গায় একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে বা নিউ ইয়র্ক সিটির পাঁচ (5) বরোর মধ্যে একটিতে অ্যাপার্টমেন্টে একটি সিঙ্গেল রুম বা সিঙ্গেল রুম অকুপেন্সি (Single Room Occupancy, SRO) ইউনিট ভাড়া নিতে ব্যবহার করা যেতে পারে। এই নথিতে ভাড়া এবং ইউটিলিটির পরিমাণ শুধুমাত্র সম্ভাব্য FHEPS ভাড়াটেদের জন্য বা সম্ভাব্য CityFHEPS ভাড়াটেদের জন্য বৈধ যারা নিউ ইয়র্ক সিটির মধ্যে স্থানান্তর করছেন।

আপনি যদি একজন সম্ভাব্য CityFHEPS ভাড়াটিয়া হন এবং নিউ ইয়র্ক সিটির বাইরে, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের মধ্যেই স্থানান্তরিত হচ্ছেন, তাহলে রাজ্যজুড়ে প্রযোজ্য ভাড়ার পরিমাণ জানতে DSS CityFHEPS ওয়েবসাইট https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page-এ যান।

তাপ, গরম জল, বিদ্যুৎ, এবং রান্নার গ্যাসের মতো সমস্ত ইউটিলিটিগুলি অন্তর্ভুক্ত করার সময় শপিং লেটারে থাকা পরিমাণ হল সর্বাধিক পরিমাণ যা আপনি একটি অ্যাপার্টমেন্ট এর জন্য ভাড়া নিতে পারেন৷

নীচের তালিকাটি আপনাকে আপনার ভাউচারের সর্বোচ্চ ভাড়ার পরিমাণ শনাক্ত করতে সাহায্য করবে যদি আপনি কিছু বা সমস্ত ইউটিলিটির জন্য দায়বদ্ধ হন:

| পরিবারের আকার | শোবার ঘরের সংখ্যা | পেমেন্ট স্ট্যান্ডার্ড* (কার্যকর 07/01/2025) |
|---|---|---|
| 1 | SRO** | $1,985 |
| 1 | স্টুডিও | $2,646 |
| 1 অথবা 2 | 1 | $2,762 |
| 3 অথবা 4 | 2 | $3,058 |
| 5 অথবা 6 | 3 | $3,811 |
| 7 অথবা 8 | 4 | $4,111 |
| 9 অথবা 10 | 5 | $4,728 |
| 11 অথবা 12 | 6 | $5,345 |
| 13 অথবা 14 | 7 | $5,962 |
| 15 অথবা 16 | 8 | $6,579 |
| 17 অথবা 18 | 9 | $7,196 |
| 19 অথবা 20 | 10 | $7,812 |

* যদি এই লিজে সব ইউটিলিটি অন্তর্ভুক্ত থাকে, তবে উপরে চার্টে উল্লেখিত পেমেন্ট স্ট্যান্ডার্ড হল সর্বোচ্চ ভাড়ার পরিমাণ।

** SRO শুধুমাত্র CityFHEPS-এর জন্যে প্রযোজ্য

**(পৃষ্ঠা উল্টান)**

# FHEPS অথবা CITYFHEPS শপিং লেটার এবং ইউটিলিটির সম্বন্ধে আপনার যা জানা উচিত (*চলছে*)

## কোন ইউটিলিটিগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে তা আমি কীভাবে খুঁজে পাব?

- প্রস্তাবিত লীজ আপনাকে বলবে কি কি ইউটিলিটি অন্তর্ভুক্ত করা হয়েছে
- কি কি ইউটিলিটি অন্তর্ভুক্ত করা হয়েছে তা তালিকাটিও বলতে পারে। *যেমন: তাপ এবং গরম জল অন্তর্ভুক্ত করা হয়।*
- আপনি দালাল বা বাড়িওয়ালাকে জিজ্ঞাসা করতে পারেন

## আমি কি বাড়িওয়ালাকে পার্থক্যের টাকা দিতে রাজি হতে পারি?

না, আপনি বাড়িওয়ালাকে পার্থককের টাকাটি দিতে রাজি হতে পারবেন না। এটি একটি "সাইড ডিল" হিসাবে পরিচিত এবং বাড়িওয়ালারা ভাউচার গ্রহণ করার সময় এটি না করার প্রতিশ্রুতি দেন। এটি নিশ্চিত করতে সাহায্য করে যে আপনার লীজের পরিমাণটিই হলো আপনার ভাড়া এবং ভাড়া সবার জন্য সাশ্রয়ী রাখে।